

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ : ২৪ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৮আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং-২৫১-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, “বেগম রোকেয়া নারী ও শিশু স্বাস্থ্য উন্নয়ন সংস্থা” এর ব্যাংকে গচ্ছিত স্থায়ী ও সঞ্চয়ী আমানতের উপর অর্জিত সুদ-আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা :—

শর্তসমূহ :

- (ক) এই প্রজ্ঞাপনের সহিত সংশ্লিষ্ট অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় কেবল “বেগম রোকেয়া নারী ও শিশু স্বাস্থ্য উন্নয়ন সংস্থা” এর মহিলা ও শিশু স্বাস্থ্য উন্নয়ন বিষয়ক কার্যক্রমে ব্যবহার করিতে হইবে; এবং
- (খ) উক্ত সংস্থাকে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০৫২১)

মূল্য : টাকা ৪.০০